# বিকেএসপি বুলেটিন

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

ক্রীড়ায় শ্রেষ্ঠত্ব

Excellence in Sports

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের সমসাময়িক ঘটনা প্রবাহের সংকলন

বর্ষ ২৯, সংখ্যা ১, পৌষ-চৈত্র ১৪৩২, জানুয়ারি-মার্চ ২০২৬

## নবনিযুক্ত যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রীকে বিকেএসপি'র পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা



গত ১৮ ফেব্রুয়ারি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে নবনিযুক্ত যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হককে বিকেএসপি পরিবারের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানান মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইফ উল্লাহ, এনডিসি, পিএসসি। ক্রীড়াবান্ধব দেশ গড়তে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাদের বিভিন্ন দিক নির্দেশনা দেন।

## বিকেএসপি'র ২৩ তম মহাপরিচালকের যোগদান



ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইফ উল্লাহ, এনডিসি, পিএসসি ১৯৯৫ সালে বাংলাদেশ মিলিটারি একাডেমির ৩৩তম বিএমএ লং কোর্সে পদাতিক কোরে কমিশন লাভ করেন। তাঁর ৩০ বছরের কর্মজীবনে তিনি বাংলাদেশ সেনাবাহিনীতে বিভিন্ন কমান্ড, স্টাফ ও প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি মিরপুরের ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজ (ডিএসসিএসসি), ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি), বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের হাওয়াইয়ে অবস্থিত এশিয়া-প্যাসিফিক সেন্টার ফর সিকিউরিটি স্টাডিজ (এপিসিএসএস)-এর স্নাতক। ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইফ উল্লাহ বিকেএসপির ২৩ তম মহাপরিচালক হিসেবে ১৭ ডিসেম্বর, ২০২৫ তারিখে বিকেএসপিতে যোগদান করেন।

## বিজয় দিবস বয়স ভিত্তিক জুডো প্রতিযোগিতায় বিকেএসপির একচ্ছত্র আধিপত্য





গত ৯-১০ জানুয়ারি বাংলাদেশ জুডো ফেডারেশনের ব্যবস্থাপনায় ঢাকার মিরপুরে শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে বিজয় দিবস উপলক্ষে আয়োজিত অনূর্ধ্ব-১৬ বছর বয়স ভিত্তিক জুডো প্রতিযোগিতা-২০২৫ অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিকেএসপি ১৭টি স্বর্ণ, ৮টি রৌপ্য ও ১টি ব্রোঞ্জ পদক নিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

## তীর ১৬ তম জাতীয় আর্চারি চ্যাম্পিয়নশিপ



বাংলাদেশ আর্চারি ফেডারেশনের ব্যবস্থাপনায় এবং সিটি গ্রুপের পৃষ্ঠপোষকতায় ২১-২৪ জানুয়ারি টঙ্গীস্থ আর্চারি প্রশিক্ষণ একাডেমিতে ‘তীর ১৬ তম জাতীয় আর্চারি চ্যাম্পিয়নশিপ-২০২৫’ অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিকেএসপি ৪টি স্বর্ণ, ২টি রৌপ্য ও ৪টি ব্রোঞ্জ পদক নিয়ে রানার-আপ হওয়ার গৌরব অর্জন করে।

## ইন্টারন্যাশনাল স্কুল ঢাকা বার্ষিক অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় বিকেএসপির সাফল্য



গত ২৯-৩১ জানুয়ারি, ইন্টারন্যাশনাল স্কুল ঢাকা (ISD) আয়োজিত ‘বার্ষিক অ্যাথলেটিক্স প্রতিযোগিতা- ২০২৬’ এ বিকেএসপি ২৯ টি স্বর্ণ, ১৫ টি রৌপ্য ও ৬টি ব্রোঞ্জ পদক নিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব লাভ করে।

## ঢাকা প্রথম বিভাগ ক্রিকেট লিগে বিকেএসপির ৬ষ্ঠ স্থান লাভ



২০২৫-২৬ মৌসুমের ঢাকা প্রথম বিভাগ ক্রিকেট লিগ গত ১৪ ডিসেম্বর ২০২৫ থেকে ২৪ জানুয়ারি ২০২৬ পর্যন্ত অনুষ্ঠিত হয়। বিকেএসপি ৬ষ্ঠ অবস্থানে থেকে লিগ শেষ করে। উল্লেখ্য গত ২০২৪-২৫ মৌসুমে বিকেএসপির ছেলেরা ২য় বিভাগ রানারআপ হয়ে প্রথম বিভাগ লিগে খেলার যোগ্যতা অর্জন করে।

## ৪০ তম জাতীয় টেবিল টেনিস প্রতিযোগিতায় বিকেএসপি চ্যাম্পিয়ন






২০২৫ সালের ৯-১৬ জানুয়ারি, ঢাকার পল্টনে শহীদ তাজউদ্দীন আহমেদ ইনডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় '৪০তম জাতীয় টেবিল টেনিস প্রতিযোগিতা-২০২৫'। প্রতিযোগিতায় বিকেএসপির খই খই সাই মারমা ডাবল মুকুট (বালিকা ও সিনিয়র নারী একক) অর্জন করেছেন। এছাড়াও ৯টি স্বর্ণ, ৬টি রৌপ্য ও ৩টি ব্রোঞ্জ পদক নিয়ে বিকেএসপি দলগত চ্যাম্পিয়ন হয়।

## ২২তম জাতীয় সিনিয়র-জুনিয়র তায়কোয়ানডোতে অভাবনীয় সাফল্য



২৪ জানুয়ারি ২০২৬, বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশনের উদ্যোগে আয়োজিত ২২তম জাতীয় সিনিয়র ও জুনিয়র তায়কোয়ানডো প্রতিযোগিতা জুনিয়র পুরুষ/মহিলা বিভাগে ১৬টি স্বর্ণ, ১টি রৌপ্যসহ মোট ১৭ টি পদক নিয়ে দলগত চ্যাম্পিয়ন হয় বিকেএসপি। অপরদিকে প্রতিযোগিতার সিনিয়র বিভাগে পুরুষ/মহিলা বিভাগে ৩টি স্বর্ণ, ২টি রৌপ্য এবং ৭টি ব্রোঞ্জসহ মোট ১২ টি পদক পেয়ে দ্বিতীয় রার্নাস-আপ হয়েছে বিকেএসপি।

## নেপালের আন্তর্জাতিক আমন্ত্রণমূলক বাস্কেটবলে বিকেএসপি রানার্সআপ



গত ২৪ জানুয়ারি-০১ফেব্রুয়ারি, নেপালের রাজধানী কাঠমুন্ডুতে অনুষ্ঠিত ১২তম জাভিয়ার আন্তর্জাতিক আমন্ত্রণমূলক অনূর্ধ্ব-১৯ বাস্কেটবল চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতা-২০২৬ এ বিকেএসপি বাস্কেটবল দল নেপালের প্রিমিয়ার দলের নিকট পরাজিত হয়ে রানার্সআপ ট্রফি লাভ করে।

## এশিয়ান ডেভেপ্লমেন্ট টেনিস (ITF), অনূর্ধ্ব-১৪ এ অংশগ্রহণ




গত ০১-১৩ ফেব্রুয়ারি কম্বোডিয়াতে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল টেনিস ফেডারেশন ও এশিয়ান টেনিস ফেডারেশন আয়োজিত অনূর্ধ্ব-১৪ অনুষ্ঠিত হয়। টুর্নামেন্টে বাংলাদেশ ৬ষ্ঠ স্থান লাভ করে। বাংলাদেশ দলের ৪ সদস্য বিশিষ্ট দলে বিকেএসপি'র ২জন খেলোয়াড় এই টুর্নামেন্টে অংশ নেয়।

## বিকেএসপিতে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৬ পালিত





২১ ফেব্রুয়ারি-২০২৬, সারা দেশের মতো বিকেএসপিতেও পালিত হয় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস। দিনব্যাপি কর্মসূচির মধ্যে ছিল কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে প্রভাত ফেরী এবং কলেজ শাখার আয়োজনে প্রশিক্ষণার্থীদের জন্য ছিল কবিতা আবৃত্তি, সঙ্গীত ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

## বিদেশের মাটিতে বিকেএসপির জুডোকাদের দাপুটে অর্জন






গত ১৯-২৩ ফেব্রুয়ারি ২০২৬, নেপালের রাজধানী কাঠমান্ডুতে অষ্টম নেকোস (NECOS) আন্তর্জাতিক জুডো চ্যাম্পিয়নশিপে বাংলাদেশ ৪ টি স্বর্ণ ও ১টি ব্রোঞ্জ নিয়ে জুনিয়র ক্যাটাগরিতে রানার্সআপ হয়ে টুর্নামেন্ট শেষ করে। (+৭০ কেজি) ওজন শ্রেণিতে দাপুটের সাথে স্বর্ণ জিতেছে ফাবিহা বুশরা। ফাইনালে ৩০ সেকেন্ডে প্রতিপক্ষকে হারিয়ে টুর্নামেন্ট সেরা খেলোয়াড় হয়েছেন বুশরা। উল্লেখ্য টুর্নামেন্টে বিকেএসপি দল বাংলাদেশের প্রতিনিধিত্ব করে।

## কিউট আন্তর্জাতিক নারী আর্চারি টুর্নামেন্ট অনুষ্ঠিত



গত ৭ মার্চ, বাংলাদেশ আর্চারি ফেডারেশনের ব্যবস্থাপনায় এবং মৌসুমী ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পৃষ্ঠপোষকতায় সফলভাবে সম্পন্ন হয় 'তৃতীয় কিউট আন্তর্জাতিক নারী আর্চারি টুর্নামেন্ট ২০২৬। বিকেএসপির নারী আর্চাররা ৩টি স্বর্ণ, ১টি রৌপ্য ও ১টি ব্রোঞ্জ পদক লাভ করেন। টুর্নামেন্টে অংশগ্রহণ করেন মোট ৬২ জন উদীয়মান ও অভিজ্ঞ নারী আর্চার।

## ২০২৬ সালের নতুন প্রশিক্ষণার্থীদের ওরিয়েন্টেশন





বিকেএসপিতে ২০২৬ সালে ২১টি ক্রীড়া বিভাগে মোট ২৮৬ জন প্রশিক্ষণার্থী ভর্তি হয়। নতুন প্রশিক্ষণার্থীদের জন্য ২৪ ফেব্রুয়ারি থেকে ২ মার্চ পর্যন্ত ওরিয়েন্টেশন আয়োজন করা হয়। এতে উর্ধ্বতন কর্মকর্তাগণ বিকেএসপির পরিচিতি, খেলোয়াড়ি জীবনের লক্ষ্য, আচরণ, শৃঙ্খলা ও নৈতিকতার গুরুত্ব সম্পর্কে দিকনির্দেশনা দেন। পাশাপাশি কলেজ ফি প্রদান, স্বাস্থ্য গ্রুপ ইন্সুরেন্সসহ বিভিন্ন প্রশাসনিক বিষয়েও প্রশিক্ষণার্থীদের অবগত করা হয়। এই কর্মসূচি নবীন প্রশিক্ষণার্থীদের বিকেএসপির নিয়ম-কানুন ও ক্রীড়াজীবনের লক্ষ্য সম্পর্কে সচেতন করতে সহায়তা করবে।

## বিকেএসপির প্রশিক্ষণার্থীর জুনিয়র বৃত্তি লাভ



জুনিয়র স্কলারশিপ পরীক্ষা-২০২৬ (অষ্টম শ্রেণি) এ বিকেএসপির বাস্কেটবল বিভাগের মো.আরাফাত হোসেন,বা-২৩১ সাধারণ গ্রেডে স্কলারশিপ পেয়েছে। পরীক্ষায় বিকেএসপি থেকে মোট ১৩ জন অংশ নিয়েছিল। উল্লেখ্য এবারই প্রথম সরকার স্কলারশিপ পরীক্ষায় বিকেএসপিকে অন্তর্ভুক্ত করে এবং প্রথম স্কলারশিপ পেল আরাফাত। পুরস্কার হিসেবে ফুল ফ্রি স্কলারশিপ পাবে আরাফাত।

## আন্তর্জাতিক স্পোর্টস সাইন্স হিউম্যান পারফরম্যান্স বিশেষজ্ঞের সাথে বিকেএসপির মতবিনিময় সভা




বিকেএসপিতে গত ০৭ জানুয়ারি, বিশ্বখ্যাত স্পোর্টস সায়েন্স ও হিউম্যান পারফরম্যান্স বিশেষজ্ঞ প্রফেসর ড. আজমল আলী'র সাথে এক গুরুত্বপূর্ণ ও ফলপ্রসূ মতবিনিময় সভা ও সেমিনার অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় স্পোর্টস সায়েন্সের আধুনিক ব্যবহার, অ্যাথলেট পারফরম্যান্স উন্নয়ন, ইনজুরি ব্যবস্থাপনা, গবেষণা ও আন্তর্জাতিক সহযোগিতার সম্ভাবনা নিয়ে গঠনমূলক আলোচনা হয়।

## ইয়ং টাইগার্স অনূর্ধ্ব-১৮ জাতীয় ক্রিকেট প্রতিযোগিতা ২০২৫-২৬




গত ২১-২৮ জানুয়ারি চট্টগ্রামে অনুষ্ঠিত 'ইয়ং টাইগার্স অনূর্ধ্ব-১৮ জাতীয় ক্রিকেট প্রতিযোগিতা' ২০২৫-২৬ মৌসুমে কক্সবাজারের আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম এবং একাডেমি গ্রাউন্ডে আয়োজিত হয়। ২০২৬ বিসিবি পরিচালিত এ টুর্নামেন্টে ১০টি বিভাগীয়/ সমমনা দল অংশগ্রহণ করে। বিকেএসপি সেমিফাইনালিস্ট দল হিসেবে টুর্নামেন্ট শেষ করে। বিকেএসপির আব্দুল্লাহ আল মুহি খুলনা বিভাগের সাথে তিন দিনের ম্যাচে ২৭৮ রান করে চমক সৃষ্টি করে।

## বেইজিং স্পোর্টস বিশ্ববিদ্যালয়ের সাথে বিকেএসপির সমঝোতা স্মারক স্বাক্ষর



গত ৩০ মার্চ ২০২৬ ইং তারিখে চীনের বেইজিং স্পোর্টস বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ সরকারের ক্রীড়া ক্ষেত্রে বিশেষ গুরুত্বের অংশ হিসেবে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) এবং বেইজিং স্পোর্টস বিশ্ববিদ্যালয়ের (বিএসইউ) মধ্যে একটি সমঝোতা স্বারক স্বাক্ষর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিকেএসপির পক্ষে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইফ উল্লাহ ও বেইজিং স্পোর্টস বিশ্ববিদ্যালয়ের পক্ষে প্রেসিডেন্ট জাং জিয়াং নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন। এই সমঝোতা স্বাক্ষরের মাধ্যমে ক্রীড়া ক্ষেত্রে উভয় দেশের মধ্যে ক্রীড়াবিদ প্রশিক্ষণ, কোচ প্রশিক্ষণ, স্পোর্টস সাইন্স এবং গবেষণা ক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার উম্মোচিত হয়েছে।

## যুবদের আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণের সনদ প্রদান অনুষ্ঠান








গত ২২ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ যুবদের আত্মরক্ষামূলক প্রশিক্ষণ-২০২৬ এর ক্যাম্প বিকেএসপিতে অনুষ্ঠিত হয়। সরকার দেশের যুব সমাজকে সেলফ ডিফেন্স রপ্ত করতে বিকেএসপির মাধ্যমে জুডো, কারাতে, তায়কোয়ানডো ও এয়ার রাইফেল শ্যূটিং এর উপর মৌলিক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করে। ১৫ দিনের ক্যাম্প শেষে গত ৮ মার্চ বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহম্মদ সাইফ উল্লাহ, এনডিসি, পিএসসি অংশগ্রহণকারীদের হাতে সনদ তুলে দেন। বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর, খুলনা, বরিশাল, সিলেট, চট্টগ্রাম ও কক্সবাজারে যুবকদের ও ঢাকা বিকেএসপিতে যুবাদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

## এশিয়া কাপ আর্চারিতে বাংলাদেশের স্বর্ণ জয়






গত ২৭ মার্চ, ২০২৬, ব্যাংককে আর্চারি কম্পাউন্ড পুরুষ দলগত ইভেন্টে ভিয়েতনামকে হারিয়ে প্রথমবারের মতো স্বর্ণ জয় করে বাংলাদেশ। ফাইনালে বাংলাদেশ ২৩১-২২৫ পয়েন্টের ব্যবধানে হারায় ভিয়েতনামকে। বাংলাদেশের হয়ে অংশ নেন হিমু বাছাড়, রাকিব নেওয়াজ আহমেদ ও ঐশ্বর্য রহমান। আর্চারি দলের স্বর্ণ জয়ে ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। উল্লেখ্য তিন সদস্য বিশিষ্ট কম্পাউন্ড ইভেন্টে হিমু বাছাড় ও ঐশ্বর্য রহমান বিকেএসপির আর্চার।

## জাপান লিগে বিকেএসপি ফুটবল দল



গত ৭ মার্চ ২০২৬, বিকেএসপি অ-১৮ ফুটবল দল জাপানের সানিক্স কাপ আন্তর্জাতিক ফুটবল লীগে অংশগ্রহণ করে। বাফুফের সহযোগিতায় বিকেএসপি দল বাংলাদেশের হয়ে এ টুর্নামেন্টে অংশ নিয়েছে। জাপানের ফুকুওকা শহরে ১১-১৫ মার্চ অনুষ্ঠিত এ লীগে জাপানের ১৩টি দল ও ৩টি বিদেশী দল বাংলাদেশ, ভারত ও দ: কোরিয়ার বয়স ভিত্তিক দল অংশগ্রহণ করে। সানিক্স কাপ জাপানের একটি অত্যন্ত মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক টুর্নামেন্ট, যেখানে ইতঃপূর্বে ইতালির এসি মিলান ইয়ুথ এবং ইন্টার মিলান ইয়ুথ দলসহ নেদারল্যান্ডসের আয়াক্স ইয়ুথ , চীন, কোরিয়া ও জাপানের অ-১৭ জাতীয় দল অংশগ্রহণ করে।

## ওয়ার্ল্ড বক্সিং ফিউচার কাপে বিকেএসপির তিনজন বক্সার



৬ মার্চ ২০২৬, থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে ওয়ার্ল্ড বক্সিং ফিউচার কাপে অংশগ্রহণের জন্য বিকেএসপির তিন জন বক্সার আবির মাহমুদ, নয়ন ত্রিপুরা ও জনি অংশগ্রহণ করে। বাংলাদেশ বক্সিং ফেডারেশন থেকে এই তিনজনকে নির্বাচন করা হয়। উল্লেখ্য ফিউচার কাপে থেকেই ২০২৮ সালের ইয়ুথ অলিম্পিকে খেলার জন্য বক্সারদের নির্বাচন করা হয়ে থাকে।

## ট্রায়াথলেট ফেরদৌসী আক্তার মারিয়ার পাশে বিকেএসপি



বিকেএসপির সাবেক ফুটবলার ফেরদৌসী আক্তার মারিয়া বর্তমানে বাংলাদেশের একমাত্র নারী ট্রায়াথলেট। বাংলাদেশের প্রথম নারী ট্রায়াথলেট ফেরদৌসী আক্তার মারিয়ার পাশে বিকেএসপি পরিবার। সেপ্টেম্বরে ফ্রান্সে অনুষ্ঠিতব্য আয়রনম্যান ৭০.৩ চ্যাম্পিয়নশিপে অংশ নেয়ার স্বপ্ন পূরণে মারিয়াকে আর্থিক সহায়তা প্রদান ও প্রশিক্ষণের জন্য বিকেএসপিতে সুযোগ করে দেয়ার কথা বলেছেন বিকেএসপির মহাপরিচালক। মালয়েশিয়ার লাংকাউইতে আয়রনম্যান ৭০.৩ প্রতিযোগিতায় অংশ নিয়ে তিনি প্রথম বাংলাদেশি নারী হিসেবে আয়রনম্যান চ্যাম্পিয়নশিপে কোয়ালিফাই করেন।

## মাস্কো T20 ক্রিকেটে বিকেএসপি চ্যাম্পিয়ন

গত ৫ জানুয়ারি ২০২৬ এ অনুষ্ঠিত মাস্কো **T20** ক্রিকেটে টুর্নামেন্টে বিকেএসপি চ্যাম্পিয়ন হয়েছে। মাস্কো একাডেমি মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় বিকেএসপি অ-১৪ দল টাঙ্গাইল স্পোর্টস একাডেমি দলকে ৮৪ রানে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বিকেএসপি'র জাভি ম্যান অব দ্য ফাইনাল নির্বাচিত হন। চ্যাম্পিয়ন দলের কোচের দায়িত্ব ছিলেন মো: ইমরুল হাসান। মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইফ উল্লাহ খুদে ক্রিকেটারদেরকে প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হওয়ায় শুভেচ্ছা ও অভিনন্দন জানান।



## পাঠ্যপুস্তক উৎসব- ২০২৬



বিকেএসপিতে গত ৭ জানুয়ারি ২০২৬ সরকারের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম অনুযায়ী পাঠ্যপুস্তক উৎসব অনুষ্ঠিত হয়। ৪র্থ - ৯ম শ্রেণির প্রশিক্ষণার্থীদের হাতে নতুন বই তুলে দেন প্রতিষ্ঠানের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনরেল মোহাম্মদ সাইফ উল্লাহ, এনডিসি, পিএসসি।

## আমরা শোকাহত



বিকেএসপির সাবেক মহাপরিচালক লে. কর্নেল (অব.) এম এ লতিফ খান গত ৪ ফেব্রুয়ারি ২০২৬ সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন)। তিনি ১৯৮৭-১৯৯১ সাল পর্যন্ত বিকেএসপির মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি বিসিবির গেম ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান এবং বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য ছিলেন। তাঁর মৃত্যুতে মহাপরিচালক বিকেএসপি পরিবারের পক্ষ থেকে শোক প্রকাশ করেন।



বিকেএসপি'র সাবেক উপপরিচালক শামীমা সাত্তার মিমু গত ১৩ মার্চ ২০২৬ তারিখ হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন)। তিনি ২০০২-২০১৮ সাল পর্যন্ত বিকেএসপি'র উপপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। জাতীয় ক্রীড়া পুরস্কারপ্রাপ্ত সাবেক অ্যাথলেট শামীমা সাত্তার মিমু'র মৃত্যুতে ক্রীড়াঙ্গনে শোকের ছায়া নেমে আসে। তাঁর মৃত্যুতে মহাপরিচালক বিকেএসপি পরিবারের পক্ষ থেকে শোক প্রকাশ করেন।



বিকেএসপির অবসরপ্রাপ্ত বাবুর্চি জনাব মো: হানিফ গত ৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেন, (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন)। তিনি ২০০৫-২০২০ সাল পর্যন্ত বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুরে কর্মরত ছিলেন। তাঁর মৃত্যুতে মহাপরিচালক বিকেএসপি পরিবারের পক্ষ থেকে শোক প্রকাশ করেন।


**প্রধান পৃষ্ঠপোষক**

**ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইফ উল্লাহ** এনডিসি, পিএসসি
মহাপরিচালক, বিকেএসপি

**উপদেষ্টা**

**কর্নেল মোঃ গোলাম মাবুদ হাসান,** পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ), বিকেএসপি

**ড. লুৎফর রহমান**
পরিচালক (প্রশাসন ও অর্থ), বিকেএসপি

**সম্পাদক**

**লেঃ কর্ণেল মোহাম্মদ ইমরান হাসান,** পিএসসি
অধ্যক্ষ, ক্রীড়া কলেজ, বিকেএসপি

**সহযোগী সম্পাদক**

**জনাব মোঃ ছগির হোসেন**
উপপরিচালক (প্রশাসন), বিকেএসপি

**সম্পাদনা সহযোগী**

**জনাব আবু তারেক**
উপপরিচালক (অ.দা.) (ক্রীড়া বিজ্ঞান), বিকেএসপি

**ড. মোঃ শামীমুজ্জামান**
উপাধ্যক্ষ, বিকেএসপি

**জনাব মর্জিনা বেগম**
চীপ কোচ (জিমন্যাস্টিক্স), বিকেএসপি

**জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল**
সহকারী অধ্যাপক, বিকেএসপি

**জনাব মোহাম্মদ আহসান কবির**
প্রভাষক (বাংলা), বিকেএসপি

**জনাব সৌমিক আহমেদ**
প্রভাষক (বাংলা), বিকেএসপি

**জনাব মো: আশরাফুজ্জামান**
জনসংযোগ কর্মকর্তা, বিকেএসপি

**জনাব রাজীব কুমার দেব**
ফটোগ্রাফার, বিকেএসপি